



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

তারিখঃ ১২.০২.২০১৯

### ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য জরুরী বিজ্ঞপ্তি :

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে

১. স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনসহ চূড়ান্ত (৯ম) পর্যায়ে বিষয়/বিভাগ/ইনস্টিটিউটে মনোনয়ন প্রাপ্তদের তালিকা আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে প্রকাশ করা হবে। ৮ম পর্যায় শেষে ৯ম পর্যায়ে মনোনয়ন প্রাপ্তদের তালিকা প্রকাশের পূর্বে স্বয়ংক্রিয় মাইগ্রেশন (Auto Migration) কার্যকর হবে।
২. ইতোমধ্যে ভর্তিকৃত কোন শিক্ষার্থী বর্তমান বিভাগ/ইনস্টিটিউটে অধ্যয়নরত অবস্থায় থাকতে চাইলে বা চূড়ান্ত (৯ম) পর্যায়ে স্বয়ংক্রিয় মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে নতুন বিভাগ/ইনস্টিটিউটে পেতে অনিচ্ছুক হলে তাকে সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটর বরাবর স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ (Stop Auto Migration) করার জন্য আবেদন করতে হবে। এক্ষেত্রে ইউনিট কো-অর্ডিনেটরের সম্মতি/অনুমতি নিয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে আইসিটি সেল, চ.বি. বা হেল্প ডেস্কে (আই.টি ভবন, কক্ষ নং ২০১) যোগাযোগপূর্বক আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ (Stop Auto Migration) নিশ্চিত করতে হবে।
৩. যে সকল ছাত্র-ছাত্রীর ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্যায়ে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পরিবর্তন হয়েছে কিন্তু যারা অদ্যাবধি পরিবর্তিত বিভাগ/ইনস্টিটিউটের আইডি সংযোজনপূর্বক অনলাইনে SIF পূরণ করেনি তাদেরকে আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে পরিবর্তিত আইডি সংযোজনপূর্বক অনলাইনে SIF পূরণ এবং অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় অতিরিক্ত ভর্তি ফিস (প্রয়োজ্য ক্ষেত্রে) জমা সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের আইডি আইসিটি সেল, চ.বি. সরবরাহ করবে।

এ সম্পর্কিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (<http://www.admission.cu.ac.bd>) পাওয়া যাবে এবং প্রয়োজনে হেল্প ডেস্কে যোগাযোগ করা যাবে।

ICT Cell  
University of Chittagong  
All Rights Reserved  
<https://www.facebook.com/ictcu>  
<http://cu.ac.bd>

আদেশক্রমে-

(এস. এম. আকবর হোসাইন)  
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার দপ্তর  
ও সচিব, ভর্তি কমিটি, চ.বি.